# ঈশ্বরের লোকেরা শুষ্ক ভূমির উপর দিয়ে লোহিত সাগর পার হয়েছিল

**প্রার্থনা ঃ** ''প্রিয় প্রভু, প্রত্যেক শিশুকেসাহায্য কর যাতে তারা বুঝতে পারে যে তোমার বাক্য কেবলমাত্র নিছকই মানুষের তৈরী মন গড়া বাক্য নয়। কিন্তু যা কিছু আমরা বিশ্বাস করি তা মহৎ ঐতিহাসিক ঘটনাবলী থেকে উঠে এসেছে।''

এর মধ্যে থেকে যে কোনও একটি শিশুদের শিক্ষা পদ্ধতি বেছে নিন।

যে কোনও একজন বড় ছেলে-মেয়েকে অথবা শিক্ষক-শিক্ষিকাকে মোশির লোহিত সাগর পার হবার ঘটনাটি পড়তে অথবা মুখস্থ বলতে দিন। **যাত্রাপুস্তক ১৪ অধ্যায়** ঈশ্বর কিভাবে অলৌকিক উপায়ে তাঁর মনোনীত সন্তানদের মিশরীয় দাসত্বের বন্ধন থেকে মুক্ত করেছেন, তা বর্ণনা করে।

গল্পটি বলার পর এই প্রশ্নগুলি জিজ্ঞাসা করুন। (প্রতি প্রশ্নের পর উত্তর দেওয়া হল)

- মিশর ত্যাগ করার পর মিশরীয়গণ আবার কোথায় ইস্রায়েলীয়দের সাক্ষাৎ পেয়েছিল ? (যাত্রাপুস্তক ১৪ঃ৯ দেখুন)
- ইস্রায়েলীয়দের পক্ষে কে যুদ্ধ করার প্রতিজ্ঞা করেছিল ? (১৪ পদ দেখুন)
- কিভাবে ঈশ্বর সেই রাতে ইস্রায়েলীয়দের থেকে মিশরীয়দের আলাদা করেছিলেন ? (১৯-২০ পদ দেখুন)
- মোশি তার হস্ত সমুদ্রের দিকে বিস্তারের পর কি ঘটেছিল ? (২১ পদ)
- ইস্রায়েলীয়রা কেমনভাবে লোহিত সাগর পার হয়েছিল ? (২২ পদ দেখুন)
- যে সমস্ত মিশরীয় সৈন্যরা তাদের ধাওয়া করে ছিল তাদের কি হয়েছিল ? (২৮ পদ দেখুন)



যাত্রা পুস্তক ১৪ অধ্যায় থেকে লোহিত সাগর পার হবার ঘটনাটি নাটক আকারে উপস্থাপিত করে দেখান।

- প্রধান আরাধনা দলের নেতাদের সাথে শিশুদের এই ঘটনাটি নাটক আকারে উপস্থাপন করে দেখাবার ব্যবস্থা করুন।
- আপনার কিছু সময় বাচ্চাদের সাথে ভাগ করে নিন যাতে তারা এটি নাটক আকারে তৈরী করতে পারে।
- আপনার সমস্ত ভাগগুলিকে ব্যবহারের প্রয়োজন নেই।
- বড় ছেলেমেয়েদেরকে, ছোটদেরকে সাহায্য করতে দিন।

**বড় ছেলেমেয়ে** অথবা বয়স্ক ব্যক্তিদের এই ভূমিকাগুলিতে অভিনয় করতে দিন।

**বর্ণনাকারী ঃ** ঘটনাটি সংক্ষেপ করবে এবং বাচ্চাদের কিকরতে এবং বলতে হবে তা মনে করিয়ে দেবেন।

**মোশি ঃ** একটি লম্বা লাঠি বহন করবেন।

**ফারাও ঃ** তিনি মুকুট হিসাবে মাথায় একটা ওল্টানো বস্তা পরবেন।

**ছোট ছেলেমেয়েদের** নিমোক্ত ভূমিকাগুলিতে অভিনয় করতে দিন।

**মিশরীয় সৈন্য বাহিনী ঃ** চেয়ারের ওপর দাঁড়াবে যা রথের পরিবর্তে ব্যবহৃত হবে।

**ঘোড়া ঃ** হাঁটু ও হাত মাটিতে রেখে রথের সামনে থাকবে। মাঝে মাঝে চেঁচাবে।

**ইস্রায়েলীগণ ঃ** ভীত সন্ত্রস্ত দেখাবে।

**মেষেরা ঃ** হামাগুড়ি দিয়ে যাবে এবং মেষের মত ডাকবে।

**লোহিত সাগর ঃ** হাত উঁচু করে জলের প্রাচীর বোঝাবে।

**বর্ণনাকারী ঃ** যাত্রাপুস্তক ১৪ঃ১-২০ অংশ থেকে প্রথম ভাগটি বলবে। ''শোন! সবাই শোন, রাজা ফারাও কি বলছেন।''

**ফারাও ঃ** ''সৈন্যগণ, আমাদের ইস্রায়েলীয় দাসরা পালিয়ে গেছে। রথ প্রস্তুত কর এবং তাদের ধাওয়া কর!''

**মিশরীয় সৈন্যবাহিনী ঃ** চেয়ারের উপর দাঁড়াবে। ঘোড়াকে চাবুক মারার ভঙ্গি করবে এবং ঘোড়াদের বলবে ''জলদি চল! ইস্রায়েলীয়দের পাকড়াও কর। ওরা লোহিত সাগরের তীরে বন্দী হয়ে পড়েছে। ওরা পালাতে পারবে না।''

**ইস্রায়েলীয়গণ ঃ** এই সব বলে চেঁচাবে যেমন ''আমরা আটকে পড়েছি! ''আমরা সবাই এখানে মারা পড়বো।'' ঈশ্বর! আমাদের সাহায্য কর!''

**মেষপাল ঃ** মেষপালরা এসময় চেঁচাবে।

**ইস্রায়েলীগণ ঃ** ''ওই দেখ! ঈশ্বর আগুন স্তম্ভ রূপে আমাদের ও মিশরীয় সেনানীর মধ্যে যাওয়া আসা করছেন। এখন রাতের বেলা, ওরা আর কিছুতেই আমাদের দেখতে পাবেনা।''

**বর্ণনাকারী ঃ** এ সময়ে যাত্রাপুস্তক ১৪ঃ২১-৩১ অংশ থেকে দ্বিতীয় ভাগ পড়বে।

**লোহিত সাগর ঃ** হাতগুলো উঁচুতে তুলে দুদিকে লাইন করে দাঁড়াবে ও সমুদ্রে মধ্যে দিয়ে রাস্তা তৈরী করবে।

**বর্ণনাকারী ঃ** ''মোশি কি বলছেন তা শ্রবণ কর।''

**মোশি ঃ** সমুদ্রের দিকে নিজ লাঠি বিস্তার করে বলবে, ঈশ্বর আমাদের পক্ষে যুদ্ধ করবেন। দেখ বায়ু কেমন জলকে দুভাগ করছে। তোমরা শুষ্ক ভূমির উপর দিয়ে পার হবে।

**লোহিত সাগর ঃ** হাতগুলো উঁচুতে তুলে রাস্তার দিকে পিছন করে দাঁড়াবে।

**ইস্রায়েলীয়গণ ও মেষপাল ঃ** সমুদ্রের মাঝ দিয়ে রাস্তা দিয়ে হেঁটে যাবে। দুদিকে তাকাবে, ইস্রায়েলীয়রা চিৎকার করে বলবে ''আমাদের দুদিকে জলের উঁচু প্রাচীরকে দেখ।'' মেষরাও এ সময় চেঁচাবে।

**ফারাও ঃ** ''দেখ দেখ বায়ু জলকে দুভাগ করে দিয়ে রাস্তা তৈরী করেছে, ঐ পথে গিয়ে ওদের পাকড়াও কর।''

**মিশরীয় সৈন্যসামন্ত ও ঘোড়া ঃ** ইস্রায়েলীয়দের অনুসরণ করবে। সৈন্যরা রথ থেকে নীচে লাফিয়ে নামবে এবং তাদের ঘোড়াগুলিকে অনুসরণ করবে। যখন সমুদ্রের মধ্যে প্রবেশ করবে তখন চেঁচিয়ে বলবে, ''কি ঘটছে কি? আমার রথের চাকা তো খুলে গেল।'' ''আমার রথটা আটকে গেছে।'' ''আরে আরে জল যে আমাদের দিকে ফিরে আসছে'' ''এবার আমরা তলিয়ে যাব।'' ঘোড়ারা এসময় চিৎকার করবে এবং পড়ে যাবে ও মারা যাবে। মিশরীয় সৈন্যরাও এ সময়ে মাটিতে পড়ে মরে যাবার ভান করবে।


**লোহিত সাগর ঃ** মিশরীয় সৈন্য ও ঘোড়া সমূহের উপর আছড়ে পড়বে।

**ইস্রায়েলীয়গণ ঃ** ''আমাদের ঈশ্বর তাঁর মহৎ পরাক্রান্ত শক্তির বলে আমাদের উদ্ধার করেছেন।''

**বর্ণনাকারী** অথবা বয়স্ক কোন ছেলেমেয়ে নাটক সমাপনান্তে যারা সাহায্য করেছে তাদের প্রত্যেককে ধন্যবাদ জ্ঞাপন করবে।

যদি ছোটরা বড়দের জন্য নাটকটি মঞ্চস্থ করে দেখায় তবে তাদেরকে বড়দেরকে উপরোক্ত প্রশ্নগুলি জিজ্ঞাসা করতে দিন।

**আলোচনা ঃ** ঈশ্বর তাঁর লোকদের মন্দ থেকে রক্ষা করার আরও অন্যান্য উদাহরণ ছোটদেরকে বলতে দিন।



একটি রথের ছবি অঙ্কন করুন। ছোটদের তা নকল করতে বলুন। তারা পরবর্তী আরাধনা চলাকালীন বড়দের দেখিয়ে বলতে পারে যে ঈশ্বর কেমনভাবে পৃথিবীস্থ যে কোনও ব্যক্তিকে পরাজিত করতে পারেন।

ফিলীপীয় ৪ঃ১৩ পদ মুখস্থ করুন।

**কবিতা ঃ** তিনজন ছোট ছেলেমেয়ের প্রত্যেককে গীতসংহীতা ১৫ঃ১, ২ এবং ১১ পদ আবৃত্তি করতে দিন।

বড় ছেলেমেয়েদেরকে বলুন; ঈশ্বর কেমন ভাবে মিশরীয় দাসত্ব থেকে তাঁর লোকদের রক্ষা করেছিলেন, অথবা তিনি কেমন ভাবে তাঁর মনোনীত লোকদের বর্তমানকালে পাপের দাসত্ব থেকে মুক্ত করেন তার উপর কবিতা গান অথবা নাটক লিখতে।

**প্রার্থনা ঃ** ''প্রিয় ঈশ্বর, তুমি মহান ও সর্বশক্তিমান। তুমি মিশরীয় সৈন্য সামন্ত ও অশ্বসমূহকে সমূদ্রে ছুড়ে ফেলে দিয়েছিলে। তুমি তোমার লোকদের যারা দাসত্ব শৃঙ্খলে আবদ্ধ ছিল তাদের ক্রন্দন ধ্বনি শ্রবন করেছিলে এবং তাদের উদ্ধার করেছিলে। ধন্যবাদ তোমায় যে যখনই আমরা ডাকি তুমি উত্তর দিয়ে থাকো।''

Copyright 2004 © by Paul-Timothy. May be freely copied. Download from www.Paul-Timothy.net